

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের

১ জুলাই থেকে নয়া

পে-স্কেলে অন্তর্ভুক্তি দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

১ জুলাই থেকে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তির দাবি জানিয়েছেন শিক্ষকরা। শুক্রবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশি) আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষকরা এ দাবি জানান।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির নির্বাহী সভাপতি অধ্যক্ষ মো: আবদুর রশীদ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সভাপতি অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, সাধারণ সম্পাদক অধ্যাপক সিরাজুল ইক আলো।

সাংবাদিক সম্মেলনে জানানো হয়, সরকার গঠিত অষ্টম পে-কমিশন প্রতিশ্রুতি মোতাবেক সত্তাব্য স্বল্পতন সময়ের মধ্যে প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারীদের জন্য একটি যুগোপযোগী বেতন কাঠামো প্রস্তাব করেছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, প্রস্তাবিত বেতন কাঠামোতে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন স্কেলে বেতন প্রদান ছয় মাস বিলম্বিত করার সুপারিশ করা হয়েছে। কমিশনের এই সুপারিশে দেশের পাঁচ লক্ষাধিক বেসরকারি শিক্ষক-কর্মচারী মর্মান্বিত ও ক্ষুব্ধ।

সাংবাদিক সম্মেলনে আরো উপস্থিত ছিলেন অধ্যক্ষ কাজী মিজানুল ইসলাম, অধ্যক্ষ মোনতাজ উদ্দিন মর্তজা, অধ্যাপক নোফাচ্ছের হোসাইন প্রমুখ।